


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।



Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৯.২০-১৬৩

তারিখঃ ১৭/১২/২০২০ খ্রিঃ


বিষয়ঃ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে পিজি-৪ এসটিডি'র আওতায় পণ্য ক্রয়ের ক্ষেত্রে এক ধাপ দুই খাম পদ্ধতি প্রয়োগ প্রসঙ্গে সিপিটিইউ'র মতামত।  
সূত্রঃ-চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পত্র নং-১৮.০৪.০০০০.৩২৯.১৪.০৩৯.২০২০/৮২৩; তারিখঃ ২৩/১১/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চাহিত বিষয়ে সিপিটিইউ'র মতামত নিয়ে প্রদান করা হলোঃ

ক্রমিক নং	চবক এর প্রশ্ন/জিজ্ঞাসা	সিপিটিইউ'র মতামত
০১।	উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (আন্তর্জাতিক) পিজি-৪ এসটিডি'র আওতায় পণ্য, কার্য ক্রয়ের ক্ষেত্রে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতির প্রক্রিয়াসমূহ (কারিগরি ও আর্থিক প্রস্তাব আলাদা খামে) প্রয়োগ করা যাবে কিনা?	পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) এর ধারা-১২ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-৪ এ সরকার কর্তৃক সময় সময় নির্দিষ্টকৃত আদর্শ দরপত্র দলিল ব্যবহারের সংস্থান রয়েছে। বিবেচ্য ক্ষেত্রে উল্লিখিত পিজি-৪ দলিলটি আন্তর্জাতিক ক্রয়ে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য ক্রয়ের নিমিত্ত (যে কোন মূল্য মানের) ব্যবহৃত হয় [তফসিল-১] যা "এক ধাপ দুই খাম পদ্ধতি" ক্রয়ের জন্য প্রযোজ্য হবে না।
০২।	বিধি-৬৮(ক)(১) অনুযায়ী টার্নকি চুক্তি বা বৃহদাকার প্লান্ট স্থাপন সংক্রান্ত চুক্তি ব্যতীত পণ্য, কার্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে বিধি-৬২ অনুযায়ী (এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি) প্রয়োগ করা যাবে কিনা?	পিপিআর, ২০০৮ এর বিধি-৬৮(ক)(১) তে এক ধাপ দুই খাম পদ্ধতি প্রয়োগের বিভিন্ন ক্ষেত্রের সংস্থান রাখা হয়েছে যেগুলি প্রতিপালিত হলে পণ্য ও কার্য ক্রয়ের ক্ষেত্রে এক ধাপ দুই খাম পদ্ধতি প্রয়োগ করা যাবে। উল্লেখ্য, সেবা (বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা) ক্রয়ের ক্ষেত্রসমূহ বিধি-১০৩ ও ১০৪-এ বর্ণিত আছে।
০৩।	এক ধাপ দুই খাম পদ্ধতিতে পিজি-৪ এসটিডি ব্যবহার করা যাবে কিনা?	পিপিএ, ২০০৬ এর তফসিল-১ অনুযায়ী অভ্যন্তরীণ/আন্তর্জাতিক ক্রয়ে প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং সংস্থানের জন্য ("টার্নকি চুক্তির আওতায়") এক ধাপ দুই খাম পদ্ধতির (যে কোন মূল্য মানের) জন্য আদর্শ দরপত্র দলিল পিজি-৫-এ ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে পিজি-৪ ব্যবহারের কোন সুযোগ নেই।

০২। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

প্রকল্প পরিচালক (প্রকৌশল বিভাগ)  
প্রকল্প পরিঃ (পিসিটি)/চবক এর দপ্তর  
বন্দর এনেক্স ভবন (কক্ষ নং-২১৮, দ্বিতীয় তলা)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

  
(মোহাম্মদ সালাহ উদ্দিন)  
উপপরিচালক  
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০১

**অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।